



শ্রেণিঃ দ্বিতীয়

২য় পর্ব - ২০২০

বিষয়ঃ বাংলা (দুখুর ছেলেবেলা)

লেকচার শীট - ২

তারিখঃ ১৩/০৭/২০২০

- শিক্ষার্থীরা 'দুখুর ছেলেবেলা' গল্পটির শেষ অংশ (দুখুদের বাড়ির - জাতীয় কবি) পর্যন্ত পড়বে ও বুঝবে।
- শিক্ষার্থীরা মূলশব্দ লিখবে।
মূলশব্দ ও মূলশব্দের অর্থঃ
মসজিদ - মুসলমানদের ধর্মীয় উপাসনালয়
মকতব - মুসলমান বালক বালিকাদের প্রাথমিক বিদ্যালয়।
ছড়া বানায় - ছড়া তৈরি করে
সুরেলা - খুব মধুর সুর
গান বাঁধা - গান তৈরি করা
মুগ্ধ - বিভোর, অভিভূত
নামকরা - অনেক সুনাম অর্জন করা।
- মূলশব্দ দিয়ে ছোট ছোট প্রশ্ন করা হবে ও শিক্ষার্থীরা প্রশ্ন বুঝে উত্তর দিবে।
মূলশব্দ দিয়ে প্রশ্নঃ
 - ১। দুখুদের বাড়ির পাশে কী রয়েছে? উত্তরঃ মসজিদ রয়েছে।
 - ২। মসজিদের পাশে কী আছে? উত্তরঃ মকতব আছে।
 - ৩। দুখু কোথায় লেখাপড়া করে? উত্তরঃ মকতবে।
 - ৪। দুখু অন্যকে কী শোনাত? উত্তরঃ মুখে মুখে ছড়া বানিয়ে শোনাত।
 - ৫। দুখুর গানের গলা কেমন ছিল? উত্তরঃ সুরেলা ছিল।

৬। দুখুর কী শুনে সবাই মুগ্ধ হতো? উত্তরঃ গান শুনে।

৭। দুখু কে? উত্তরঃ আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম।

৮। তিনি কী লিখেছেন? উত্তরঃ তিনি দেশের কথা, দেশের মানুষের কথা লিখেছেন।

- শিক্ষার্থীরা গল্প থেকে যুক্তবর্ণ খুঁজে বের করবে ও দুইটি করে শব্দ তৈরি করার চেষ্টা করবে।

যুক্তবর্ণঃ

গ্ধ = গ + ধ - মুগ্ধ, দুগ্ধ

ন্য = ন + য ফলা - জন্য, অন্য

- শিক্ষার্থী নিজের ভাষায় গল্পটি সম্পূর্ণ বলবে।

শিক্ষক -

শাহরিন সুলতানা মৌলী